

সম্বীপে শিক্ষা কর্মকর্তা নেই ৬ বছর
সহকারী শিক্ষা কর্মকর্তার ৬ পদ শূন্য

■ সম্বীপ (সম্বীপ) সরোদনদাতা
সম্বীপ উপজেলায় শিক্ষা কর্মকর্তা নেই প্রায় ৬ বছর। সহকারী শিক্ষা কর্মকর্তার
মাওটি পদের দুইটি পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। এ শূন্যতার ফলে উপজেলায়
শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। একজন সহকারী শিক্ষা কর্মকর্তা
পরিচালনা করছেন উপজেলার ১৪৬টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক কর্মচারীদের।
সম্বীপ উপজেলায় শিক্ষা কর্মকর্তার পদ ছাড়াও ৭ জন সহকারী শিক্ষা কর্মকর্তার
পদ রয়েছে। কিন্তু তাদের মাত্র ১ জন। তিনিই ভারপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা হিসাবে
দায়িত্ব পালন করছেন। উপজেলার ১৫টি ইউনিয়নে সরকারি, রেজিস্টার্ড ও অস্থায়ী
রেজিস্ট্রেশনসহ মোট ১৪৬টি বিদ্যালয় রয়েছে। উপজেলা সহকারী কর্মকর্তাদের
উপজেলা শিক্ষা অফিস সংশ্লিষ্ট কাজ ছাড়াও সরকারের টি আর/ কারিখাসহ আরও
নানা কাজ করতে হয়। সম্বীপ উপজেলায় শিক্ষা অফিসের ক্লাস্টার সংখ্যা ৭। এই
৭টি ক্লাস্টার পরিচালনা করছেন উপজেলার একমাত্র সহকারী শিক্ষা কর্মকর্তা আবুল
কাসেম আহমদ। শিক্ষা কর্মকর্তা ও সহকারী শিক্ষা কর্মকর্তার পদগুলো দীর্ঘদিন
শূন্য থাকায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ায় শিক্ষক ও বিদ্যালয় পরিচালনা কমিটি
সদস্যদের যথা ক্রমে সৃষ্টি হয়েছে।